



রেসিডেন্টস্ প্যানেল এবং রিডার্স প্যানেল

রেসিডেন্টস্ প্যানেল

আপনি কি নানান রকমের ইস্যু খুঁজে পেতে — বিভিন্ন ধরনের বিষয় নিয়ে আলোচনা করতে পছন্দ করেন? যদি আপনার হাতে খানিকটা অবসর সময় থাকে আর মাঝে মধ্যে বিভিন্ন পরামর্শমূলক অনুষ্ঠানে অংশ নেওয়ার আমন্ত্রণ পেতে আপনি উৎসাহিত বোধ করেন, তাহলে রেসিডেন্টস্ প্যানেল-এ যোগ দেওয়া হয়তো আপনারই জন্য

আমাদের ফোকাস গ্রুপের কার্যক্রমসমূহ, আনুষ্ঠানিক সাক্ষাতকার বা কর্মশালা অনুষ্ঠানসমূহে যোগ দিয়ে কয়েক ঘন্টা সময় ব্যয় করতে পারে এমন বাসিন্দাদের সন্ধান আমরা সবসময়ই করে থাকি

আমাদের ব্যাপক পরিসরের পরিষেবাগুলো তুলে ধরে এমন অনুষ্ঠানসমূহের এক নিয়মিত কর্মসূচী আমরা পরিচালনা করে থাকি। অনুষ্ঠানগুলো আরামদায়ক ও সুগম বা সুবিধাজনক অবস্থানের ভেন্যুতে পেশাদারিত্বের সাথে পরিচালিত হয়। আমরা আপনার ভ্রমণ এবং চাইল্ডকেয়ার বা শিশু-পরিচর্যার খরচ বহন করবো। একজন প্যানেল সদস্য হিসেবে আপনি আমাদের ফোকাস গ্রুপ বা কর্মশালা অনুষ্ঠানসমূহে সম্পৃক্ত হতে পারেন, স্টাফদের ও অন্যান্য বাসিন্দাদের সঙ্গে মিলিত হতে পারেন, এবং পরিষেবা উন্নয়নে আমরা কী ভাবে কাজ করে যাচ্ছি তা অনুভব করতে পারবেন - আর প্রায়শই এগুলো খুব ভালো বিনোদনও বটে!

কোন বিধিমাফিক প্রতিশ্রুতির প্রয়োজন নেই। যদি আপনি আনন্দের সঙ্গে যোগ দিতে পারেন, তাহলে খুবই ভালো কথা, যদি তা হয়ে না উঠে, তাহলেও অসুবিধে নেই

আপনি কি আগ্রহী?

Southern Housing Group (সাউদার্ন হাউজিং গ্রুপ) -এর সকল বাসিন্দার জন্য প্যানেল সদস্যপদ উন্মুক্ত। আপনি যোগদান করতে ইচ্ছুক হয়ে থাকলে অনুগ্রহ করে 0300 303 1771 নম্বরে রেসিডেন্ট ইনভলভমেন্ট টীমের সঙ্গে যোগাযোগ করুন অথবা ইমেইল করুন এই ঠিকানায় resident.involvement@shgroup.org.uk

রিডার্স প্যানেল

যদি অনুষ্ঠান বা সম্মেলনে যোগ দেওয়া আপনার কাজ না হয়ে থাকে, তবে রিডার্স প্যানেল আপনার জন্য আগ্রহের বিষয় হতে পারে। বছরে প্রায় তিন চার বার আমরা বাসিন্দা রিডারদের Southern Housing Group (সাউদার্ন হাউজিং গ্রুপ) -এর কতগুলো মূল তথ্য পর্যবেক্ষণ করার আহ্বান জানাই; তারা তাদের মতামত প্রদান করেন এবং আমাদের জানান কী উপায়ে আমরা এর উন্নতি সাধন করতে পারি বলে তারা ভাবছেন (তথ্যটি হতে পারে কোন নতুন লীফলেট বা পুস্তিকা, অথবা বিবেচনাধীন নতুন একটি নীতি বা পদ্ধতি)। একজন রিডার হিসেবে আপনার মতামত ব্যবহার করে এই তথ্যের অবয়ব পরিবর্তন ও উন্নয়ন সাধন করা হয়

BENGALI-residents-panel-and-readers-panel

রিডার্স প্যানেল আপনার নিজ গৃহের স্বাচ্ছন্দ্য উপভোগ করে সম্পৃক্ত হওয়ার, এবং আমাদের কাজ করার পদ্ধতিতে আপনার মতামতের প্রভাব পড়ছে এটা অনুভব করবার এক চমকার উপায় আমাদের নিকট থেকে অনেক তথ্যাদি পাওয়া নিয়ে দৃষ্টিস্তা করবেন না – রিডার হওয়ার ব্যাপারটি আনন্দদায়ক, তথ্যমূলক, উপভোগ্য... এবং সাময়িক!

আপনি কি আগ্রহী?

Southern Housing Group (সাউদার্ন হাউজিং গ্রুপ)-এর সকল বাসিন্দার জন্য রিডার্স প্যানেল সদস্যপদ উন্মুক্ত এবং আমরা নতুন সদস্য গ্রহণে আগ্রহী। আপনি যোগদান করতে ইচ্ছুক হয়ে থাকলে অনুগ্রহ করে 0300 303 1771 নম্বরে রেসিডেন্ট ইনভলভমেন্ট টিমের সঙ্গে যোগাযোগ করুন অথবা ইমেইল করুন এই ঠিকানায় resident.involvement@shgroup.org.uk